

নম্বর- ২৩.০৯.২৬৮০.১৭২.১৬.০০২.১৫.

তারিখ: শ্রাবণ ১৪২৯
০৮ আগস্ট ২০২২ খ্রি:

বিষয়: আগস্ট - অক্টোবর ২০২২ খ্রি: এর আবহাওয়ার পূর্বাভাস।

General Condition (সাধারণ অবস্থা):

১. গত জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চ, এপ্রিল, মে, জুন ও জুলাই ২০২২ মাসে Southern Oscillation Index (SOI) এর মান ছিল যথাক্রমে +৪.১, +৮.২, +১৩.৮, +২২.৬, +১৭.১, +২১.২ ও +৮.৭ (Bureau of Meteorology, Australia)।

২. জুলাই ২০২২ মাসে সারাদেশে স্বাভাবিক অপেক্ষা কম (- ৫৭.৬%) বৃষ্টিপাত হয়েছে, তবে সিলেট বিভাগে স্বাভাবিক বৃষ্টিপাত হয়েছে। সক্রিয় মৌসুমি বায়ুর প্রভাবে ১, ১৯-২০, ২৩-২৫ এবং ৩০-৩১ জুলাই দেশের অনেক স্থানে হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টিপাত হয়। এ সময় সিলেট, ময়মনসিংহ, রংপুর, রাজশাহী ও চট্টগ্রাম বিভাগের কোথাও কোথাও মাঝারি ধরণের ভারি থেকে অতিভারি বর্ষণ হয়। এ মাসের দৈনিক সর্বোচ্চ বৃষ্টিপাত ১৬৩ মি.মি. সিলেটে (১৬ জুলাই ২০২২) রেকর্ড করা হয়। মৌসুমি বায়ু দুর্বল থাকায় এ মাসে পশ্চিমা লঘুচাপের সাথে পূর্ববাহী বায়ুপ্রবাহের সংযোগ ঘটায় ২২-২৪ ও ৩০-৩১ জুলাই তারিখে সারাদেশে বিচ্ছিন্নভাবে প্রবল বজ্রপাত ও বিজলি চমকানো এবং অস্থায়ী দমকা হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাত হয়েছে। বায়ুমন্ডলে পর্যাপ্ত জলীয় বাষ্পের উপস্থিতি, প্রখর সূর্যকিরণ এবং সর্বোপরি মৌসুমীবায়ু দুর্বল থাকার কারণে ০৫, ০৭-২১, ২৩ এবং ২৯ জুলাই তারিখে রাজশাহী, রংপুর, ঢাকা, সিলেট বিভাগ এবং কুমিল্লা ও নোয়াখালী অঞ্চলে মৃদু থেকে মাঝারি ধরণের তাপপ্রবাহ বয়ে যায়। এ সময় দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৩৯.০°সে. রাজশাহী (১৩ জুলাই ২০২২) ও সৈয়দপুরে (১৪ জুলাই ২০২২) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ২.৬°সে. এবং ০.৯°সে. বেশি ছিল। বৃষ্টিপাত, কালবৈশাখি ঝড়, তাপমাত্রা, তাপ প্রবাহ, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা জুলাই ২০২২ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

৩. প্রাপ্ত আবহাওয়া উপাত্ত, উর্দ্ধাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, Climate Predictability Tool (CPT), ECMWF, JMA, APCC-Korea, RIMES, C3S এবং বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs) থেকে প্রাপ্ত NWP মডেল পূর্বাভাস, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণপূর্বক আগস্ট - অক্টোবর ২০২২ এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

বিভাগ	আগস্ট ২০২২ খ্রি:		সেপ্টেম্বর ২০২২ খ্রি:		অক্টোবর ২০২২ খ্রি:		আগস্ট ২০২২ খ্রি: মাসে মাটির আর্দ্রতা (০৫-৫০ সে.মি. পর্যন্ত)
	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	
ঢাকা	৩১২	২৮০-৩৪০	২৭৮	২৫০-৩০৫	১৫৯	১৪০-১৭৫	৫৫-৬৫
ময়মনসিংহ	৩৪০	৩০৫-৩৭৫	৩৫২	৩১৫-৩৮৫	১৯১	১৭০-২১০	৫০-৬০
চট্টগ্রাম	৫৫৬	৫০০-৬১০	৩১৭	২৮৫-৩৫০	১৮৬	১৬৫-২০৫	৫৫-৭০
সিলেট	৪৫৬	৪১০-৫০০	৪০৭	৩৬৫-৪৫০	১৮৭	১৬৫-২০৫	৫৫-৬৫
রাজশাহী	২৭৯	২৫০-৩০৫	৩১৫	২৮৫-৩৪৫	১১৩	১০০-১২৫	৫০-৬০
রংপুর	৩৮০	৩৪০-৪১৫	৪১৭	৩৭৫-৪৬০	১৩৪	১২০-১৪৫	৫০-৬৫
খুলনা	২৯১	২৬০-৩২০	২৭৬	২৫০-৩০৫	১২০	১০৫-১৩০	৫৫-৬৫
বরিশাল	৪৩৩	৩৯০-৪৭৫	৩১৬	৩৮৫-৩৫০	১৭৬	১৫৫-১৯৫	৫৫-৬৫

(ক) আগস্ট ২০২২ খ্রি:

- আগস্ট ২০২২ মাসে সামগ্রিকভাবে দেশে স্বাভাবিক অপেক্ষা কিছুটা কম বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।
- এ মাসে বজ্রোপসাগরে ১-২ টি বর্ষাকালীন লঘুচাপ সৃষ্টি হতে পারে, যার মধ্যে ০১ টি মৌসুমী নিম্নচাপে পরিণত হতে পারে।
- এ মাসে দেশের উত্তর ও মধ্যাঞ্চলে ১-২ দিন বিজলি চমকানোসহ মাঝারি ধরণের বজ্রঝড় এবং সারাদেশে ৩-৪ দিন বিজলি চমকানোসহ হালকা বজ্রঝড় হতে পারে।
- এ মাসে দেশে বিচ্ছিন্নভাবে মৃদু (৩৬-৩৮°সে.) তাপ প্রবাহ বয়ে যেতে পারে। এ মাসে দিন ও রাতের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা কিছুটা বেশি থাকতে পারে।
- নদ-নদীর অবস্থা:** আগস্ট মাসের দ্বিতীয়ার্ধে দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলে মৌসুমী ভারি বৃষ্টিপাতজনিত কারণে কতিপয় স্থানে স্বল্প থেকে মধ্য মেয়াদী বন্যা পরিস্থিতি সৃষ্টির সম্ভাবনা রয়েছে।
- কৃষি আবহাওয়া:** এ মাসে দেশে দৈনিক গড় বাষ্পীভবন ৩.০ - ৫.০ মি.মি. এবং গড় উজ্জ্বল সূর্যকিরণকাল ৫.৫ - ৭.৫ ঘণ্টা থাকতে পারে।

(খ) সেপ্টেম্বর ২০২২ খ্রি:

- সেপ্টেম্বর আগস্ট মাসে বাংলাদেশে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।
- এ মাসে বজ্রোপসাগরে ১-২ টি মৌসুমী নিম্নচাপ সৃষ্টি হতে পারে।

(গ) অক্টোবর ২০২২ খ্রি:

- অক্টোবর মাসে বাংলাদেশে স্বাভাবিক বৃষ্টিপাত হতে পারে।
- এ মাসে বজ্রোপসাগরে ১-২ টি নিম্নচাপ সৃষ্টি হতে পারে।
- এ মাসের প্রথমার্ধের মধ্যে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু (বর্ষা) বাংলাদেশ থেকে বিদায় নিতে পারে।

মাননীয় মন্ত্রী

কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ফ্যাক্সঃ ৯৫৪০৫৫৫, ৯৫৭৬৫৬৫

(মোঃ আজিজুর রহমান)
পরিচালক
ফোন: ৪৮১১২৪৫৬ (অফিস)

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- মাননীয় প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৩৫০০২১।
- মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, ফ্যাক্সঃ ২২৩৩৮৬৫৫৯।
- মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, ফ্যাক্সঃ ৫৮১৫৩০২০।
- সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ২২৩৩৫২২১।
- সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫০৪০০।
- সিনিয়র সচিব, বানিজ্য মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪৫৭৪১।
- সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৫৮১৫২৫৩০।
- সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪৫৪০৫।
- সচিব, কৃষি মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৭৬৫৬৫।
- সচিব, খাদ্য মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫১৪৬৭৮।